গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : ‘‘নদী গবেষণা ইনস্টিটিউট-এর প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি (ফেজ-২)’’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কবির বিন আনোয়ার<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯/১০/২০২০। |
| সভার সময় | দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ক। |

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভাকে জানান ৫৩৬৬.৮১ লক্ষ টাকা ব্যয় সম্বলিত এ প্রকল্পটি ২০২০-২১ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। অক্টোবর ২০২০ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৫% এবং আর্থিক অগ্রগতি ৪৫%।

২। **প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| (ক) | সভায় প্রকল্প পরিচালক জানান, ২০১৯-২০ অর্থবছরে প্রকল্পের সংশোধিত এডিপি-তে বরাদ্দকৃত ৩৯.০৮ কোটি টাকার মধ্যে মাত্র ১৪.৬৩ কোটি টাকা ছাড় করা সম্ভব হয়েছে। অবশিষ্ট ২৪.৪৫ কোটি টাকা কেভিড-১৯ এর কারণে অর্থ মন্ত্রণালয় হতে ছাড় করা হয়নি। যার ফলে প্রায় ২০.০০ কোটি টাকার বিল বকেয়া আছে। ইতোমধ্যে ডিপিপি সংশোধন করা হয়েছে। প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়নের জন্য ২০২০-২১ অর্থ বছরে বরাদ্দকৃত ১২.০০ কোটি টাকার অতিরিক্ত আরও ২০.০০ কোটি টাকার প্রয়োজন হবে। | অতিরিক্ত অর্থ প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পাসম এবং প্রকল্প পরিচালক, নগই। |
| (খ) | **প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের আওতায় ড্যানিশ হাইড্রোলিক ইনস্টিটিউট (DHI),** ডেনমার্ক থেকে MIKE গাণিতিক মডেলিং সিরিজ সফটওয়্যার ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। গানিতিক মডেলিং সফটওয়্যার ক্রয়ের নিমিত্ত জাতীয় ই-জিপি পোর্টালে গত ১৯/০৭/২০২০ একটি দরপত্র আহ্বান করা হয় এবং দরপত্র মূল্যায়ন শেষে DHI, ডেনমার্কের বাংলাদেশের স্বীকৃত প্রতিনিধি BAN-TECH লিমিটেডের অনুকূলে গত ০১/০৯/২০২০ এবং ২৮/০৯/২০২০ যথাক্রমে নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) এবং ক্রয়াদেশ জারি করা হয়। দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দাতা প্রস্তুতকারক প্রতিষ্ঠানের বিশেষজ্ঞদের দ্বারা নগই-তে গাণিতিক মডেল সফটওয়্যারের পরিচালনা ও প্রয়োগ সম্পর্কিত ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ করাবেন এবং উক্ত প্রশিক্ষণ বাবদ ব্যয় হবে ৬,৫০,২৫০.০০৫ (ছয় লক্ষ পঞ্চাশ হাজার দুই শত পঞ্চাশ দশমিক শুন্য শুন্য পাঁচ) টাকা। ক্রয়ের বর্তমান ধাপে বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর কারণে সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান DHI, ডেনমার্কের মাধ্যমে সফটওয়্যার ইনস্টলেশন, পরিচালনা ও প্রয়োগ সম্পর্কিত প্রশিক্ষণ অনলাইন প্রশিক্ষণ প্ল্যাটফরমের মাধ্যমে সম্পন্ন করার অনুরোধ করে ২৯/০৯/২০২০ আবেদন করেন। DHI, ডেনমার্ক থেকেও বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর সংকট এবং তাদের অনলাইন প্রশিক্ষণের সক্ষমতা ও দক্ষতা বর্ণনা করে পত্র প্রেরণ করেছে।<br><br>সফটওয়্যারটি পরিচালনে ব্যবহারকারীদের তাত্ত্বিক এবং ব্যবহারিক অভিজ্ঞতা বৃদ্ধির জন্য, ড্যানিশ হাইড্রোলিক ইনস্টিটিউট (DHI), ডেনমার্ক এ জাতীয় অনলাইন অ্যাপ্লিকেশন এবং অপারেশন প্রশিক্ষণের জন্য প্রস্তুত রয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কোভিড-১৯ মহামারীর কারণে অনলাইনে প্রশিক্ষণ সম্পন্নের জন্য ০৯(নয়) দিনের প্রশিক্ষণ সিডিউল দাখিল করেছেন। সফটওয়্যারটি ব্যবহারের ক্ষেত্রে ব্যববহারকারীদের অভিজ্ঞতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণটি অতীব প্রয়োজন। অনলাইনে বর্ণিত প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে অনুমোদন প্রয়োজন। | MIKE Software series এর অ্যাপ্লিকেশন এবং অপারেশন প্রশিক্ষণ অনলাইনে ০৯(নয়) দিনব্যাপী সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>বাস্তবায়নে : প্রকল্প পরিচালক, নগই। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৬.১৮-৩৮১

তারিখ: ১৭ কার্তিক ১৪২৭
০২ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।

১৩) উপ-সচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪) প্রকল্প পরিচালক, "নদী গবেষণা ইনস্টিটিউট এর প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি (ফেজ-২)" শীর্ষক প্রকল্প, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।

১৫) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

১৮) উপ/সহকারী প্রকল্প পরিচালক/এসএসও, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব